অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/29/2020 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো জলবায়ু পরিবর্তন মোকাবেলায় সবুজ ভবন প্রযুক্তি স্থাপনে 1,000 কর্মীকে প্রশিক্ষণ দেওয়ার ঘোষণা দিয়েছেন

"কর্মী উন্নয়ন সচেতনতা সপ্তাহ" ঘোষণায় নতুন NYSERDA এবং নিউ ইয়র্ক কর্মী উন্নয়ন উদ্যোগ পার্টনারশিপ অন্তর্ভুক্ত

শক্তি দক্ষতা প্রশিক্ষণ প্রোগ্রাম নিউ ইয়র্ক সিটিতে বহুপরিবার আবাসিক ভবনগুলিকে কার্বনমুক্ত করতে সাহায্য করার জন্য একটি কর্মীদল তৈরি করবে

প্রচেষ্টাটি রাষ্ট্রের জাতি-নেতৃস্থানীয় পরিচ্ছন্ন শক্তি এবং চাকরির এজেন্ডা এবং কার্বন-নিরপেক্ষ অর্থনীতির পথের সমর্থনে নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসী এবং এনভায়রনমেন্টাল জাস্টিস কমিউনিটিকে অগ্রাধিকার দেবে

পরিষ্কার জ্বালানী শিল্পে ক্রমবর্ধমান কাজের সুযোগের জন্য নিউ ইয়র্কবাসীদের প্রস্তুত করার জন্য গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ উচ্চ দক্ষতার হিটিং, ভেন্টিলেশন এবং শীতাতপ নিয়ন্ত্রণ, এবং বৈদ্যুতিক তাপ পাম্প প্রযুক্তি সম্পর্কে ক্যারিয়ার পাথওয়ে প্রশিক্ষণ অংশীদারিত্ব কর্মসূচীর ঘোষণা করেছেন। এই অংশীদারিত্ব 1,000 এর বেশী শ্রমিককে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা করবে এবং রাষ্ট্রের সবচেয়ে অনগ্রসর জনগোষ্ঠীকে অগ্রাধিকার দেবে, যার মধ্যে রয়েছে নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসী এবং যারা নভায়রনমেন্টাল জাস্টিস কমিউনিটিতে বাস করছে, যা রাষ্ট্রের অর্থনৈতিক পুনরুদ্ধারকে সমর্থন করবে। আজকের ঘোষণা "কর্মী উন্নয়ন সচেতনতা সপ্তাহ" এর অংশ হিসেবে গভর্নর কুওমোর জাতিকে সমর্থন করে এবং ক্লাইমেট লিডারশিপ অ্যান্ড কমিউনিটি প্রোটেকশন অ্যাক্ট (Climate Leadership and Community Protection Act) এ বর্ণিত কার্বন-নিরপেক্ষ অর্থনীতির জন্য নিউ ইয়র্কের অগ্রগতিকে সমর্থন করে।

"পরিচ্ছন্ন জ্বালানী অর্থনীতির বৃদ্ধি আরও উন্নত করে গড়ে তোলার এবং জলবায়ু পরিবর্তন মোকাবেলায় নিউ ইয়র্কের প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ উপাদান হবে," **গভর্নর কুওমো বলেন**। "এই বিনিয়োগ এবং অংশীদারিত্ব আমাদের এই খাতের ক্রমবর্ধমান চাহিদা পূরণে দক্ষ শ্রমিকের সংখ্যা বাড়াতে সাহায্য করবে, অন্যদিকে উদ্ভাবনী পরিচ্ছন্ন জ্বালানী সমাধানের মাধ্যমে ভবনগুলোকে আরও স্বাস্থ্যকর ও কার্যকর করার প্রচেষ্টায় অংশগ্রহণ করে অনগ্রসর সম্প্রদায়গুলো সরাসরি উপকৃত হবে।"

"আমাদের রাজ্যের ঐতিহাসিক কর্মী উন্নয়ন উদ্যোগ হচ্ছে সকল নিউ ইয়র্কবাসীদের জন্য ক্যারিয়ারের সাফল্য নিশ্চিত করা," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "যেহেতু আমরা আরো ভালোভাবে গড়ে তুলছি, চাকরি প্রশিক্ষণ এবং ক্যারিয়ার প্লেসমেন্টে এই বিনিয়োগ হাজার হাজার নিউ ইয়র্কবাসীকে পরিচ্ছন্ন শক্তি ক্ষেত্রে চাকরি করতে সাহায্য করবে যা নিউ ইয়র্কের জন্য একটি পরিষ্কার এবং সবুজ মহামারী-পরবর্তী ভবিষ্যৎ তৈরি করবে।"

প্রাক-COVID জাতীয় কর্মী প্রবৃদ্ধি হার প্রায় দ্বিগুণ হারে অতিক্রম করে পরিচ্ছন্ন শক্তি শিল্প একটি শক্তিশালী অর্থনৈতিক চালক হিসেবে প্রমাণিত হয়েছে, এবং স্থানীয় অর্থনীতিকে মহামারীর প্রভাব থেকে ফিরে আসতে সাহায্য করার জন্য সংক্ষিপ্ত এবং দীর্ঘমেয়াদী অর্থনৈতিক কর্মকাণ্ড তৈরিতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। নিউ ইয়র্ক অঙ্গরাজ্যের মোট জ্বালানী ব্যবহারের 37 শতাংশ এবং জীবাশ্ম জ্বালানী-ভিত্তিক গ্রীনহাউস গ্যাস নির্গমনের 32 শতাংশ ভবনের শীতাতপ নিয়ন্ত্রণের জন্য ব্যবহৃত হয়, তাই পরিচ্ছন্ন হিটিং এবং কুলিং প্রযুক্তির ব্যাপক আকারে ব্যবহার স্টেটের জলবায়ু আইন এবং 2050 সালের মধ্যে জলবায়ু-নিরপেক্ষ অর্থনীতিতে পরিণত হওয়ার লক্ষ্য পূরণে অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাজ্য জুড়ে পরিচ্ছন্ন জ্বালানী সেবার ক্রমবর্ধমান চাহিদা সত্ত্বেও, অনেক HVAC ইনস্টলার, বয়লার অপারেটর এবং অন্যান্য দক্ষ পরিচ্ছন্ন জ্বালানী ব্যবসায়ী কর্মীদের আগামী দশ বছরের মধ্যে অবসর নিতে হবে। এই সঙ্কুচিত হওয়া বিল্ডিং ট্রেড ওয়ার্কফোর্স, অনেক HVAC কোম্পানি বর্তমান খালি পোস্টগুলিতে কর্মী নিয়োগের ক্ষেত্রে যে সমস্যার মুখোমুখি হচ্ছে তার সাথে মিলিয়ে HVAC এর কর্মীদলের একটি শূন্যতার সৃষ্টি করেছে যার ফলে এই শূন্য পদগুলি পূরণে দক্ষ এবং মেধাবী ঠিকাদারদের পরবর্তী প্রজন্মের প্রশিক্ষণের প্রয়োজন বেড়ে চলেছে।

কর্মী প্রশিক্ষণের জন্য আজকের 4.5 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের ঘোষণা হাইড্রোফ্লোরকার্বন কমাতে গভর্নর কুওমোর জলবায়ু সপ্তাহের কর্মকাণ্ডকে সমর্থন করে, যা রেফ্রিজারে ব্যবহৃত একটি শক্তিশালী গ্রিনহাউস গ্যাস, নতুন নিয়মের অংশ হিসেবে, 3 মিলিয়ন মার্কিন ডলারের পরবর্তী প্রজন্মের HAVC ইনোভেশন চ্যালেঞ্জের সাথে যা পরিবেশ বান্ধব এবং এইচএফসি মুক্ত রেফ্রিজারেন্ট তৈরি করবে।

নিউ ইয়র্ক স্টেট গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (New York State Research and Development Authority, NYSERDA) এর ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরেন এম. হ্যারিস বলেন, "ভবিষ্যতের কর্মী তৈরিরে এই বিনিয়োগ প্রশিক্ষণ সরবরাহকারীদের শক্তি দক্ষতা ক্ষেত্রে কর্মীদের আকর্ষণ এবং প্রশিক্ষিত করতে সহায়তা করবে এবং তাদের পেশা এবং বাস্তব কাজের অভিজ্ঞতার সাথে সংযুক্ত করবে যার ফলে শক্তি দক্ষতা পেশায় ভাল বেতনের চাকরি লাভ সম্ভব হবে। যেহেতু NYSERDA গভর্নর কুওমোর দেশের নেতৃস্থানীয় জলবায়ু এবং জ্বালানী লক্ষ্যমাত্রার জন্য কাজ করে যাচ্ছে, আমরা CUNY-এর সাথে এই ধরনের অংশীদারিত্বের গুরুত্ব উপলব্ধি করছি, যা একবিংশ শতাব্দীর কর্মীদের সবুজ অর্থনীতিতে ক্রমবর্ধমান কর্মজীবনের জন্য দক্ষতা বাড়াতে সাহায্য করবে।"

গভর্নর কুওমোর ঐতিহাসিক কর্মী উন্নয়ন উদ্যোগের অংশ হিসেবে NYSERDA দ্বারা পরিচালিত, ক্যারিয়ার ট্রেনিং পার্টনারশিপ প্রোগ্রাম প্রশিক্ষণ প্রদানকারী খুঁজছে যারা হাতে-কলমে, এন্ট্রি-স্তরের

প্রযুক্তিগত প্রশিক্ষণ প্রোগ্রাম সরবরাহ করতে চায় যা উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী, স্কুল ত্যাগ করা জুবক এবং বেকার বা স্বল্প কর্মের পূর্ণ বয়স্কদের মধ্যে HVAC ট্যালেন্ট পুল আকর্ষণ এবং উন্নয়ন করবে যাতে HVAC ব্যবসার কর্মী প্রয়োজনীয়তা পূরণে সাহায্য হয়। এই সুযোগটি এমন প্রতিষ্ঠানের উদ্দেশ্যে করা হয় যারা হয় উচ্চ দক্ষতার HVAC প্রশিক্ষণ কোর্সওয়ার্ক প্রদান করে যা সরাসরি চাকুরী নিয়োগে রূপান্তরিত হয় অথবা আরো উন্নত প্রযুক্তিগত প্রশিক্ষণ, সার্টিফিকেট বা ডিগ্রী প্রদান করে; বিদ্যমান প্রশিক্ষণ কর্মসূচী প্রদান করে এবং যারা তাপ পাম্প প্রযুক্তিতে সম্প্রসারিত করে এবং অগ্রাধিকারপ্রাপ্ত জনসংখ্যার উপর মনোযোগ প্রদান করে; এবং যে ব্যবসা সমূহ চাকরি ক্ষেত্রে ট্রেনিং, ইন্টার্নশিপ এবং শিক্ষানবিশ পদ প্রদান করবে তাদের সাথে অংশীদারিত্ব প্রতিষ্ঠা করতে প্রতিশ্রুতিবদ্ধ।

এই প্রতিযোগিতামূলক আবেদনের অধীনে, NYSERDA নির্বাচিত প্রশিক্ষণ প্রদানকারীদের 550,000 মার্কিন ডলার পর্যন্ত পুরস্কার প্রদান করবে। সর্বোচ্চ তহবিলের পরিমাণ চাওয়া সরবরাহকারীদের কমপক্ষে 50-60 জন শিক্ষার্থীকে প্রশিক্ষণ দিতে হবে যাদের কমপক্ষে ৪0 শতাংশকে চাকরি,ইন্টার্নশিপ বা শিক্ষানবিশ পদ দিতে হবে। উপরন্তু, প্রস্তাবকারীদের তাদের প্রোগ্রামে প্রশিক্ষণার্থীদের অন্তত 50 শতাংশ একটি অগ্রাধিকার জনসংখ্যা থেকে থাকতে হবে: ভেটেরান, নেটিভ আমেরিকান, প্রতিবন্ধী ব্যক্তি, নিম্ন আয়ের ব্যক্তি, বাস্তুচ্যুত বিদ্যুৎ কেন্দ্রের কর্মী, পূর্বে কারাবন্দী, এবং এনভায়রনমেন্টাল জাস্টিস এবং অনগ্রসর সম্প্রদায়ে বসবাসরত নিউ ইয়র্কবাসীরা এর মধ্যে অন্তর্ভুক্ত। গভর্নরের অফিস অফ ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট এবং কর্মী উন্নয়ন উদ্যোগের পার্টনার এজেন্সি, SUNY, CUNY, NYS DOL, এবং ESD এর সমন্বয়ে পুরস্কার প্রদান করা হবে।

এছাড়াও আজ ঘোষণা করা হয়েছে যে NYSERDA সিটি কলেজ অফ নিউ ইয়র্ক (City College of New York, CCNY) ওয়েস্ট হারলেম গ্রুপ অ্যাসিস্ট্যান্স, ইনকর্পোরেটেডের (West Harlem Group Assistance, Inc, WHGA) জন্য একটি স্থায়ী শক্তি দক্ষতা কর্মী উন্নয়ন প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়নের জন্য একটি চুক্তি করেছে। এই প্রোগ্রামের অধীনে, CCNY শক্তি দক্ষতা প্রযুক্তি, রিয়েল টাইম ডায়াগনস্টিক এবং ব্যবহার বিশ্লেষণ, এবং নিউ ইয়র্ক সিটি জুড়ে WHGA এর ভবনে ব্যবহৃত সকল যান্ত্রিক ও প্রকৌশল ব্যবস্থার জন্য 10 জন দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ বিশেষজ্ঞের প্রশিক্ষণে সাহায্য করবে। একবার পুরোপুরি চালু হলে, CCNY-এর নতুন প্রোগ্রাম 250 জন WHGA কর্মী, অংশীদার এবং ভাড়াটেদের জন্য শক্তি দক্ষতা প্রশিক্ষণ প্রদান করবে বলে আশা করা হচ্ছে। এই প্রশিক্ষণের ফলে WHGA এর পোর্টফোলিওতে 70টিরও বেশি বহুপরিবার ভবন বার্ষিক জ্বালানী খরচের 15 শতাংশ পর্যন্ত সঞ্চয় করে উপকৃত হবে বলে আশা করা হচ্ছে।

সিটি কলেজ অফ নিউ ইয়র্কের প্রেসিডেন্ট ডঃ ভিনসেন্ট বুড্রো বলেন, "সিটি কলেজ অফ নিউ ইয়র্ক NYSERDA-এর সাথে কাজ করতে পেরে উত্তেজিত। আমরা NYSERDA এর সাথে পাশাপাশি কাজ করার সুযোগ পেয়ে রোমাঞ্চিত হয়েছি এমন এক কর্মী গড়ে তুলতে যা গভর্নর কুওমোর জলবায়ু এবং পরিচ্ছন্ন জ্বালানী এজেন্ডাকে সমর্থন করতে পারে। এটি একটি মহান প্ল্যাটফর্ম যা থেকে অংশীদারিত্বের একটি নতুন যুগ শুরু করা যায়।"

NYSERDA তার বিল্ডিং অপারেশন এবং মেইনটেনেন্স ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোগ্রামের মাধ্যমে এই CUNY প্রচেষ্টার জন্য 230,000 মার্কিন ডলার প্রদান করছে, যা গভর্নরের মিলিয়ন ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভের মাধ্যমে অর্থায়ন করা হয় এবং নিউ ইয়র্ক রাজ্য আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের সাথে সমন্বয় সাধন করা হয়। এই প্রোগ্রাম নিয়োগকর্তা এবং বিল্ডিং মালিকদের প্রশিক্ষণ প্রকল্প গড়ে তুলতে সাহায্য করে যা শিক্ষামূলক কৌশল, অন-সাইট প্রশিক্ষণ কাঠামো তৈরি করে, এবং বিল্ডিং অপারেশন এবং রক্ষণাবেক্ষণ কর্মীদের দক্ষতা অগ্রসর করতে এবং প্রচলিত শ্রেণীকক্ষ প্রশিক্ষণের বাইরে নতুন কর্মীদের প্রস্তুত করতে প্রয়োজনীয় সরঞ্জাম তৈরি করতে সাহায্য করে। CUNY প্রোগ্রামের মাধ্যমে প্রশিক্ষিত কর্মীরা স্থায়ী শক্তি বিশেষজ্ঞ চাকুরীতে চলে যাবেন অথবা স্থাপত্য ও প্রকৌশল ফার্ম, বুটিক এনার্জি সার্ভিসেস কনসালটেন্সি ফার্ম, অথবা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ সিটিওয়াইড অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিসেস / ডিভিশন অফ এনার্জি ম্যানেজমেন্ট-এর সাথে কাজ করতে পারবেন বলে আশা করা হচ্ছে।

উপরন্তু, NYSERDA এবং 32 বিজে ট্রেনিং ফান্ড বেশ কিছু চলমান উদ্যোগ নিয়ে কাজ করছে যা তাদের শত শত সদস্যকে বিল্ডিং এবং অপারেশন সম্পর্কে সর্বোত্তম অনুশীলন প্রশিক্ষণ দিয়েছে এবং সিটি কলেজের মত, 32 বিজে এর প্রশিক্ষণ বহুপরিবার ভবন, শক্তি দক্ষতা বৃদ্ধি, এবং এই গুরুত্বপূর্ণ হাউজিং স্টকের স্বাচ্ছন্দ্য উন্নত করার উপর মনোযোগ প্রদান করেছে। আজ পর্যন্ত, NYSERDA এর কর্মী উন্নয়ন কর্মসূচী নতুন প্রশিক্ষণ ক্ষমতা নির্মাণের জন্য ডিজাইন করা 24টি প্রকল্পকে সমর্থন করেছে, এবং এর মাধ্যমে 7,000 এর ও বেশি নতুন এবং বিদ্যমান কর্মীকে প্রশিক্ষণ দেয়া হবে, যা বৈদ্যুতিকরণ এবং জ্বালানী দক্ষতাকে অগ্রাধিকার দেবে।

নিউ ইয়র্ক রাজ্যের দেশের-নেতৃত্বস্থানীয় জলবায়ু পরিকল্পনা

গভর্নর কুওমোর জাতির-নেতৃস্থানীয় জলবায়ু এজেন্ডাটি জাতির সব চেয়ে আক্রমণাত্মক জলবায়ু এবং পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুবিন্যস্ত এবং সঠিকভাবে পরিচ্ছন্ন শক্তিতে পরিবর্তনের আহ্বান জানায় যা কর্মসংস্থান সৃষ্টি করে এবং একটি সবুজ অর্থনীতির লালন-পালন অব্যাহত রাখে, COVID-19 মহামারী থেকে নিউ ইয়র্ক স্টেটের আরোগ্য লাভ করার পাশাপাশি। জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের মাধ্যমে আইনে অন্তর্ভুক্ত, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎ খাতে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে, 2030 সালের মধ্যে 70 শতাংশ পুনর্নবীকরণযোগ্য শক্তি উৎপাদনসহ এবং অর্থনীতিতে বিস্তৃত কার্বন নিরপেক্ষতা অর্জনের পথে। এটি পরিচ্ছন্ন শক্তি খাতে নিউ ইয়র্কের অভূতপূর্ব উন্নয়নসহ স্টেট জুড়ে 67 টি বৃহৎ পরিসরের নবায়নযোগ্য প্রকল্পে 3.9 বিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের উপর গড়ে তুলছে, নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি খাতে সৃষ্ট 150,000 এর বেশি কর্মসংস্থান, যা 2035 সালের মধ্যে অফশোর বায়ু থেকে প্রায় 9,000 মেগাওয়াট উৎপাদনের প্রতিশ্রুতি এবং বন্টনযোগ্য সৌর খাতে 2011 সাল থেকে শতকরা 1,800 শতাংশ প্রবৃদ্ধির ভিত্তির উপর প্রতিষ্ঠিত।

গভর্নর কুওমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক এই অগ্রগতি গড়ে তুলবে এবং 2050 সালের মধ্যে 1990 সালের তুলনায় গ্রীনহাউস গ্যাসের নির্গমন 85 শতাংশ হ্রাস করবে এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তি বিনিয়োগের 40 শতাংশের লক্ষ্য নিয়ে কমপক্ষে 35 শতাংশ সুবিধাবঞ্চিত কমিউনিটিকে সুবিধা

প্রদান করবে এবং 2025 সালের মধ্যে শক্তি খরচ 185 TBtus কমানোর লক্ষ্যমাত্রার দিকে এগিয়ে যাবে।

NYSERDA সম্পর্কে

নিউ ইয়র্কারদের শক্তির দক্ষতা বৃদ্ধি করতে, অর্থ সাশ্রয় করতে, পুনর্নবীকরণযোগ্য শক্তি ব্যবহার করতে এবং জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরতা হ্রাস করতে সহায়তার উদ্দেশ্যে NYSERDA, একটি জনস্বার্থ নিগম, তথ্য এবং বিশ্লেষণ, উদ্ভাবনী প্রোগ্রাম, প্রযুক্তিগত দক্ষতা এবং তহবিল সরবরাহ করে। NYSERDA পেশাদাররা পরিবেশ রক্ষায় এবং পরিষ্কার-শক্তি কাজ তৈরিতে কাজ করে। NYSERDA উদ্ভাবনী শক্তি সমাধানকে এগিয়ে নিতে অংশীদারিত্ব তৈরি করছে 1975 সাল থেকে। NYSERDA-এর প্রোগ্রাম এবং তহবিলের সুযোগসমূহ সম্পর্কে আরও জানার জন্য, nyserda.ny.gov ভিজিট করুন এবং আমাদের টুইটার, এ অনুসরণ করুন।

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন